# নৈরাশ্যবোধ

সরকারী গাড়ীর কালো ধোঁয়া
আমার সাদা গাড়ীতে পিঠ চুলকোয়-
তবে উন্মত্ত ষাঁড়ের মতো নয়
অত্যন্ত আলতোয়!

তথাপি আমার ভালো লাগে না-
আমি বিরক্ত হই।
অস্থিরতায় আমি কষ্ট পাই-
গাড়ী বা ধোঁয়া বোঝে না-নিস্প্রাণের যে চেতনা নেই!

কর্মস্থলে সহকর্মীদের প্রতিযোগিতার পাল্লায়
জনাকীর্ণ ভিড়ে ব্যস্ত মানুষের ঠেলাঠেলি ও ধাক্কায়
সড়কে বাস-ট্রাকের পরিত্যক্ত মাত্রাতিরিক্ত বিষাক্ত ধোঁয়ায়
প্রতিদিনের মুহূর্ত গুলো আমার কাটে সামগ্রিক অসুস্থ্যায়।

ভালবাসার বাণিজ্যিক লেনদেন হ'তে দেখি প্রত্যহই
এ সমাজ ব্যবস্থায় প্রাণবন্ত ভালবাসা ইদানিং যেন নেই
তথাপি লোলুপ আগ্রহ, মুনাফার জিজ্ঞাসা চারিপাশে
ভোগলালসায় লিপ্ত প্রজন্ম কৌতূহলে সজাগ সর্বত্র আশেপাশে।

আমার সামাজিক বন্ধু বিশেষ নেই একক সংগিনী গৃহিণী ছাড়া,
তিনিও বিবাদে বিরূপ হয়ে ওঠেন আমি এমনই ছন্নছাড়া!
আমি আমার একক একাকিত্বে তাই, ভীষণই কষ্ট পাই,
আমি কেমন ক'রে বোঝাই, নিরাশ হয়ে গেছে গোটা জীবনটাই!